

## সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

বিবেচ্য সাল ২০১৬

### ইনোভেশন টিম সংশ্লিষ্ট সফল ও বিফল উভয় উদ্যোগসমূহ থেকে অর্জিত অভিজ্ঞতা রিপোর্ট আকারে প্রচার

#### সফল উদ্যোগ-১ঃ ডিজিটাল নোটিশ বোর্ড

- ১) প্রতিষ্ঠান সংশ্লিষ্ট বিজ্ঞপ্তি, অফিস আদেশ, বিশেষ ইভেন্ট ইত্যাদি বিষয়ে ডিজিটাল নোটিশ বোর্ডের মাধ্যমে জনসম্মুখে খুব সহজেই প্রকাশ করা সম্ভব হয়।
- ২) সংশ্লিষ্ট বিশেষ ভিডিওগুলো সর্বদা চালু রাখা যায়।
- ৩) শোক-বার্তা, অতিথি সংবাদসহ উৎপাদন পরিসংখ্যানের সার্বিক চিত্র প্রকাশ করা যায়।
- ৪) বিভিন্ন জাতীয় দিবসের সার্বিক তথ্য জনসম্মুখে প্রকাশ প্রচার করা যায়।
- ৫) মন্ত্রনালয়সহ পেট্রোবাংলার গুরুত্বপূর্ণ ব্যাক্তিবর্গ সিলেট গ্যাস ফিল্ডস লিমিটেড পরিদর্শনে আসেন। গতানুগতিক পদ্ধতির সাথে সাথে ডিজিটাল নোটিশ বোর্ডের মাধ্যমে তাঁদের অভ্যর্থনা জানানো যায়।

#### সফল উদ্যোগ-২ঃ ই-টেভার

- ১) ইন্টারনেটের মাধ্যমে খুব সহজেই দেশের যেকোন স্থান থেকে টেভার প্রক্রিয়ায় অংশগ্রহণ করা যায়।
- ২) গতানুগতিক বিভিন্ন বুট-ঝামেলা (যেমনঃ মারামারি, টেভার ছিনতাই, পুলিশ প্রটেকশন) এড়ানো সম্ভব হয়।
- ৩) এ প্রক্রিয়া চালু হওয়ায় টেভার প্রক্রিয়ায় খরচ কমানো সম্ভব হয়েছে।

#### সফল উদ্যোগ-৩ঃ করপোরেট এসএমএস

- ১) করপোরেট এসএমএস চালু হওয়ায় বিভিন্ন উৎসব (যেমনঃ ঈদ, পূজা, বড়দিন ইত্যাদি) ও বিভিন্ন দিবসে কোম্পানীর সকল কর্মকর্তা ও সকল কর্মচারীবৃন্দের মাঝে শুভেচ্ছা বার্তা পৌছানো সম্ভব হয়।
- ২) কোম্পানীর এজিএম, কোন বিশেষ প্রগ্রামের সংবাদ এক মুহূর্তের মধ্যেই সবাইকে জানানো যায়।
- ৩) ভূমিকম্প বা দুর্ঘটনার সময় সংশ্লিষ্ট সবাইকে সতর্ক করা যায়।

#### বিফল উদ্যোগ-১ঃ সবধরণের তথ্য-উপাত্তসহ কোম্পানীর সব এমপ্লয়ি এর জন্য পৃথক ডিজিটাল ফাইল মেইনটেইন করা এবং তা নিয়মিত আপডেট করা

- সংশ্লিষ্ট আইটি প্রতিষ্ঠানসমূহ সংখ্যায় কম এবং এগুলো এ কাজে খুব আগ্রহী নয়। তারা নিজেদেরকে এ ব্যাপারে প্রশিক্ষণ দিয়ে ডেভেলোপ করতে পরামর্শ প্রদান করে।
- কোম্পানির সকল কর্মকর্তা/কর্মচারীর জন্য এ কাজ করা সময় সাপেক্ষ ব্যাপার।
- এইচআর শাখা, প্রশাসন ডিভিশনে কর্মরত সবাইকে ডিজিটাল পদ্ধতির সাথে একমত পোষন করতে হবে এবং সে মোতাবেক নিজেকে ডেভেলোপ করতে হবে।
- কার্যটি করতে আধুনিক শিক্ষায় শিক্ষিত দক্ষ লোকবল প্রয়োজন।
- নিরবিচ্ছিন্ন ইন্টারনেট প্রয়োজন।
- সংশ্লিষ্ট সবাইকে সঠিকভাবে নিয়োজিত করা প্রয়োজন।

#### বিফল উদ্যোগ-২ঃ অন-লাইন বেজড সফটওয়্যার ব্যবহার করে ভান্ডার মজুদ বিষয়ক তথ্য সংরক্ষণ ও নিয়মিত আপডেট করা

- সংশ্লিষ্ট আইটি প্রতিষ্ঠানসমূহ সংখ্যায় কম এবং এগুলো এ কাজে খুব আগ্রহী নয়। তারা নিজেদেরকে এ ব্যাপারে প্রশিক্ষণ দিয়ে ডেভেলোপ করতে পরামর্শ প্রদান করে।
- কোম্পানির ৮টি ভান্ডারের জন্য এ কাজ করা সময় সাপেক্ষ ব্যাপার।
- ভান্ডার সংশ্লিষ্ট কাজে কর্মরত সবাইকে ডিজিটাল পদ্ধতির সাথে একমত পোষন করতে হবে এবং সে মোতাবেক নিজেকে ডেভেলোপ করতে হবে।
- কার্যটি করতে আধুনিক শিক্ষায় শিক্ষিত দক্ষ লোকবল প্রয়োজন।
- নিরবিচ্ছিন্ন ইন্টারনেট প্রয়োজন।
- সংশ্লিষ্ট সবাইকে সঠিকভাবে নিয়োজিত করা প্রয়োজন।